# গাজায় হামাসের ড্রোন কমান্ডারকে হত্যার দাবি ইসরায়েলের



ছবি: আল-জাজিরা

হামাসের ড্রোন কার্যক্রমের সঙ্গে যুক্ত এক শীর্ষ কমান্ডারকে গাজা উপত্যকায় হত্যা করা হয়েছে বলে দাবি করেছে ইসরায়েলি সামরিক বাহিনী। তাদের ভাষ্য, নিহত হামাম ঈদ সংগঠনটির ড্রোন তৈরি ও পরিচালনার দায়িত্বে ছিলেন।

রোববার (২৬ জুলাই) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে।

ইসরায়েলি বাহিনীর দাবি, শনিবার গাজার মধ্যাঞ্চলে হামাম ঈদকে লক্ষ্য করে অভিযান চালানো হয়। তিনি যুদ্ধবিরতি চুক্তির শর্ত উপেক্ষা করে হামাসের বিমান সক্ষমতা এবং আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা পুনর্গঠনের কাজে যুক্ত ছিলেন বলে অভিযোগ করেছে ইসরায়েল।

গত বছরের অক্টোবরে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি কার্যকর হয়। ওই চুক্তির আওতায় গাজা থেকে ইসরায়েলি বাহিনী সরিয়ে নেওয়া এবং পর্যায়ক্রমে হামাসের অস্ত্র সমর্পণের কথা ছিল।

LENS ASIA

তবে যুদ্ধবিরতি চুক্তি কার্যকর হওয়ার পরও গাজায় ইসরায়েলি সামরিক অভিযান পুরোপুরি বন্ধ হয়নি। বিভিন্ন এলাকায় নিয়মিত হামলা ও অভিযান চালানোর অভিযোগ রয়েছে ইসরায়েলি বাহিনীর বিরুদ্ধে। ফিলিস্তিনি স্বাস্থ্য কর্তৃপক্ষের হিসাব অনুযায়ী, যুদ্ধবিরতি চুক্তির পর ইসরায়েলি হামলায় গাজায় এক হাজারের বেশি ফিলিস্তিনি প্রাণ হারিয়েছেন।